

রিভিউ আপীল নং ১২৫/২০২৫

বাদীঃ জনাব ফয়জুল্লাহ নোমানী, খিদমাহ হোমল্যান্ড, মিজান রোড, ফেনী পৌরসভা, ফেনী।

বনাম

বিবাদীঃ নির্বাহী প্রকৌশলী, ফেনী পৌরসভা, ফেনী।

বিষয়ঃ "Technically Non-responsive" ঘোষণা করে লটারী থেকে অবৈধভাবে বাদ প্রদান এবং অন্যায়ভাবে দরদাতা নির্বাচন -এর বিরুদ্ধে পাবলিক পকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি-৫৬ অনুযায়ী রিভিউ প্যানেলে আপীল দায়ের।

মামলার সংক্ষিপ্ত বিবরণঃ

ফেনী পৌরসভা, ফেনী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় সংশোধনী)-এর আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান করলে জনাব ফয়জুল্লাহ নোমানী, স্বত্বাধীকারী, খিদমাহ হোমল্যান্ড, মিজান রোড, ফেনী দরপত্র টেন্ডার আইডি নং ১১২৯৬৯০ সহ অন্যান্য দরপত্রে অংশগ্রহণ করেন। দরপত্রসমূহ মূল্যায়নের প্রারম্ভে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক জনাব ফয়জুল্লাহ নোমানী, খিদমাহ হোমল্যান্ড কর্তৃক দাখিলকৃত দরপত্র সমূহকে নন-রেসপনসিভ হিসাবে ঘোষণা করা হয়। বাদী দাবী করেন যে আইটিটি রুল ৪.৫ ধারায় তাঁর দরপত্র নন-রেসপনসিভ করা হয়েছে যা বিধিসম্মত নয়। বাদী ক্রয়কারী কর্তৃপক্ষ, হোপ এবং সচিব, স্থানীয় সরকার বিভাগে আবেদন করে কোন প্রতিকার না পেয়ে এ আপীল রিভিউ দায়ের করেন।

বর্ণিত অবস্থায়, রিভিউ আপীলটি —

- ১। দো-তরফাসূত্রে নামঞ্জুর করা হল; এবং
- ২। বাদীপক্ষের দাখিল জামানত ফেরত দেয়ার আদেশ হল।

  
১৪/০২/২০২৫

(সোঃ সায়েদুর রহমান খান)

সদস্য

রিভিউ প্যানেল-৫

  
১৪/০২/২০২৫

(সোঃ হাফিজুর রহমান)


চেয়ারপারসন

রিভিউ প্যানেল-৫


অতএব আদেশ হয় যে,

আদেশ:


- (১) অত্র আপীলটি দোতরফা সূত্রে নামঞ্জুর করা হলো।
- (২) আপীলকারীর জামানত ফেরত প্রদান করা হোক।



(আবুল কাসেম হোসেন)  
সদস্য  
রিভিউ প্যানেল-১  
সাবেক সভাপতি,  
এফবিসিসিআই



(তাবাসসুম ইসলাম)  
সদস্য  
রিভিউ প্যানেল-১  
সাবেক জেলা ও দায়রা জজ



(শেখ রফিকুল ইসলাম)  
চেয়ারপারসন  
রিভিউ প্যানেল-১  
সরকারের সাবেক গ্রেড-১  
কর্মকর্তা